



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং- ২১/০৩/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ৪৫ বোতল ফেন্সিডিলসহ
১ জন মহিলা মাদক ব্যবসায়ী গ্রেফতার



গত ২০/০৩/২০২২ খ্রি. সময়- ১৫.৫০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিচালনায়, পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ফারুক খলিল এর নেতৃত্বে এসআই (নিঃ) আই. এইচ. লাকু সরকার, এসআই (নিঃ) স্বপন কুমার রায় এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর হারাগাছ থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে উক্ত থানাধীন ০৭ নং ওয়ার্ডস্থ বেনুঘাট গ্রামে ধৃত মহিলা আসামী মোছাঃ মমতাজ বেগম (২৫), স্বামী- মোঃ আজিজুল ইসলাম, পিতা- মোঃ মমিনুল হক, মাতা- মোছাঃ মুল্লী বেগম, সাং- বেনুঘাট, ওয়ার্ড- ০৭, থানা- হারাগাছ, রংপুর মহানগর, রংপুর এর বসতবাড়ীর শয়নঘর হতে নেশা জাতীয় মাদকদ্রব্য ৪৫ (পয়তাল্লিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ তাকে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে হারাগাছ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন ১টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরনের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কারণ-
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

২১.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১